প্রথম আলো পত্রিকায় (১৬ ফেব্রুয়ারি ২০২১) নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশিত

# টিএমএসএস
# নিয়োগ বিজ্ঞপ্তি

টিএমএসএস জাতীয় পর্যায়ের একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। অত্র সংস্থার **HEM Grand Sector**-এর আওতায় ঋণ কার্যক্রমসহ অন্যান্য কর্মসূচিতে নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের উদ্দেশ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে শর্তপূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| | |
|---|---|
| ০১ | অপারেশন মনিটরিং টীম কর্মকর্তা (চুক্তিভিত্তিক)-১২ জন<br>শিক্ষাগত যোগ্যতা, দায়িত্ব ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী/সমমান। শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেনী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রমে গুণগত ও পরিমাণগত মান বৃদ্ধির লক্ষ্যে গ্যাপ এ্যানালাইসপূর্বক রিপোর্ট দাখিল করা, পিছিয়ে পড়া শাখা, অঞ্চল, জোন চিহ্নিত করা, মাঠের চাহিদা বিশ্লেষণপূর্বক নতুন **Product Desigin,** মনিটরিং ও ক্ষেত্রবিশেষে সরাসরি কার্যক্রম বাস্তবায়ন এবং ব্যবস্থাপনার চাহিদা অনুসারে প্রতিবেদন দাখিল করা। উল্লিখিত দাত্বিসমূহের বাস্তব অভিজ্ঞতাসহ সুপ্রতিষ্ঠিত কোন মাইক্রোফাইন্যান্স পরিচালনাকারী প্রতিষ্ঠানে ক্ষুদ্রঋণ কার্যক্রমে কমপক্ষে ২০টি শাখা পরিচালনা করার ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৪৫ বছর।<br>বেতন ভাতা: ৪০,০০০-৫০,০০০/- টাকা (আলোচনা সাপেক্ষে) তবে অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে অধিক বেতন প্রদান করা হবে। |
| ০২ | সহকারী পরিচালক (হিসাব)-**SR**-৭ম স্তর-০৮ জন, কর্মস্থল- প্রধান কার্যালয়, ঢাকা।<br>শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: হিসাববিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রী। শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেনী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। সফটওয়্যার/ম্যানুয়াল ঋণ কার্যক্রম ও হিসাব ব্যবস্থাপনা কাজে ন্যূনতম ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। বেতন ভাতা: **SR-TMSS** এর ৭ম স্তর অনুসারে সর্বসাকুল্যে ৩৬,৬৩০/-, শিক্ষানবিশকালে ২৯,৭০০/- টাকা। এছাড়াও চাকুরিবিধি অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে। |
| ০৩ | হিসাব কর্মকর্তা-**SR**-১১তম স্তর-২০ জন<br>শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: হিসাববিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রী। শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেনী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। ঋণ কার্যক্রমের হিসাব রক্ষণাবেক্ষণ কাজে ০১ বছরের অভিজ্ঞতার পাশাপাশি এম.এস.ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। বেতন ভাতা: **SR-TMSS** এর ১১তম স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ১৬,৮৯৬/-, শিক্ষানবিশকালে ১৩,২০০/- টাকা। এছাড়াও চাকুরিবিধি অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে। |
| ০৪ | খামার ব্যবস্থাপক-০৪ জন। কর্মস্থল: টিএমএসএস বহুমূখী কৃষি ফার্ম, সাজাপুর, শাজাহানপুর, বগুড়া। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: বিএসসি/বিএ/সমমান। তবে স্নাতকোত্তর ডিগ্রীধারী ও খামার ব্যবস্থাপনা কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে গবাদী পশু পালনে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। খামারে সার্বক্ষণিক অবস্থান করে দায়িত্ব পালন করতে হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। বেতন ভাতা: সর্বসাকুল্যে ১২,০০০/- টাকা। |
| ০৫ | ফিল্ড সুপারভাইজার (মাইক্রোফাইন্যান্স)-**SR**-২১তম স্তর-১৫৫০ জন<br>শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: স্নাতক/স্নাতকোত্তর/সমমান। তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের এবং ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সরাসরি ঋণ বিতরণ ও আদায় কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে মাঠ পর্যায়ে বাইসাইকেল/মোটর সাইকেল চালিয়ে ঋণ বিতরণ ও আদায় কাজে সম্পৃক্ত থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। বেতন ভাতা: **SR-TMSS** এর ২১তম স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ২৩,৬৫২/- (ক্রেডিট এ্যালাউন্সসহ) এবং শিক্ষানবিশকালে ১৮,৬৩০/- টাকা। |
| ০৬ | বিনিয়োগ কর্মী (**SR**-২১তম স্তর)-২০০ জন। কর্মস্থল: রাজশাহী ও রংপুর বিভাগ। তবে কর্ম এলাকা সম্প্রসারণ হলে সম্প্রসারিত এলাকাতে কাজ করতে আগ্রহী হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: স্নাতক/স্নাতকোত্তর/সমমান। তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের এবং ঋণ বিতরণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ইসলামের মৌলিক বিষয়ের উপর প্রাথমিক জ্ঞানসহ ইসলাম ধর্ম ও আদর্শের অনুসারী এবং অধূমপায়ী হতে হবে। ইসলামিক মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে মাঠ পর্যায়ে বাইসাইকেল/মোটর সাইকেল চালিয়ে বিনিয়োগ বিতরণ ও আদায় কাজে সম্পৃক্ত থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। বেতন ভাতা: **SR-TMSS** ২১তম স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ২৩,৬৫২/- (ক্রেডিট এ্যালাউন্সসহ) এবং শিক্ষানবিশকালে ১৮,৬৩০/- টাকা। |
| ০৭ | প্রশাসনিক কর্মকর্তা (**SR**-২১তম স্তর)-০২ জন। কর্মস্থল: ড. এনামুল হক আর্ট এ্যান্ড কালচারাল একাডেমী, ঠেঙ্গামারা, বগুড়া।<br>শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: ন্যূনতম স্নাতক/সমমান। প্রার্থীর শিল্প সংস্কৃতির প্রতি অনুরাগ থাকতে হবে। দাপ্তরিক কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। বেতন ভাতা: **SR-TMSS** ২১তম স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ৮,৪৪৮/-এবং শিক্ষানবিশকালে ৬,৬০০/- টাকা। এছাড়াও বিধি অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রদান করা হবে। |

শর্তাবলী:

১। আগ্রহী প্রার্থীগণকে ০১ ও ০২নং পদের জন্য **TMSS** এর ওয়েব সাইট **tmss-bd.org**-এর **Career** অপশন হতে **"Job Application Form"** ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়াও ০৩, ০৪, ০৫, ০৬ ও ০৭নং পদের জন্য সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সম্বলিত পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ আবেদন পরিচালক (এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন) বরাবর করতে হবে।

২। বাংলাদেশের যে কোন জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ পূর্বক ০১, ০২, ০৩, ০৪ ও ০৭নং পদের প্রার্থীগণকে টিএমএসএস ফাউন্ডেশন অফিস, ঠেঙ্গামারা, রংপুর রোড, বগুড়া-৫৮০০ ঠিকানায় এবং ০৫ ও ০৬নং পদের প্রার্থীগণকে নিম্নবর্ণিত যে কোন ঠিকানায় আগামী ৩১/০৩/২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন পত্র পৌঁছাতে হবে।

- যে সকল প্রার্থীগণ বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ ও পাবনা জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস ফাউন্ডেশন অফিস, ঠেঙ্গামারা, রংপুর রোড, বগুড়া-৫৮০০ অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ ও নাটোর জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস রাজশাহী ডোমেইন অফিস, রোড নং-০৩, বাসা নং-২৩৩, পদ্মা আবাসিক এলাকা, চন্দ্রিমা, রাজশাহী অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস রংপুর ডোমেইন অফিস, আর. কে রোড়, ঘাঘটপাড়া, দর্শণা, রংপুর অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ দিনাজপুর, নীলফামারী, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস দিনাজপুর ডোমেইন অফিস, নিমনগর, বালুবাড়ী (নাজমা কিন্ডার গার্ডেন স্কুলের পার্শ্বে), দিনাজপুর সদর, দিনাজপুর অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ ঢাকা, গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, নরসিংদী, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস প্রধান কার্যালয়, টিএমএসএস ভবন, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা-১২১৬ অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, ফেনী ও নোয়াখালী জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস চট্টগ্রাম ডোমেইন অফিস, ৫৪৯ ডি টি রোড, আব্দুল আলীর হাট, অলংকার মোড়, পাহাড়তলী, চট্টগ্রাম অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ কুমিল্লা, চাঁদপুর ও লক্ষ্মীপুর জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস কুমিল্লা ডোমেইন অফিস, কচুয়া চৌমুহনী, আহম্মদ সদর, সদর দক্ষিন, কুমিল্লা অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ ও বি-বাড়িয়া জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস সিলেট ডোমেইন অফিস, শুভেচ্ছা কমিউনিটি সেন্টার সংলগ্ন, বদিকোনা (চন্ডিপুল), দক্ষিণ সুরমা, সিলেট অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা, মাদারীপুর, ফরিদপুর ও শরিয়তপুর, জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস বরিশাল ডোমেইন অফিস, সরদার মঞ্জিল, সি এ্যান্ড বি রোড, বৈদ্যপাড়ার মোড়, বরিশাল অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।
- যে সকল প্রার্থীগণ খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ ও চুয়াডাঙ্গা জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস যশোর ডোমেইন অফিস, তাবলীগ মসজিদের গলি, ই-ব্লক, সেক্টর #৭, বাসা#৯/৪, নিউমার্কেট উপশহর, যশোর অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে।

৩। নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ০১ ও ০২ পদের জন্য ৩০০/- টাকা এবং ০৩, ০৪, ০৫, ০৬ ও ০৭নং পদের জন্য ২০০/- টাকার মানি রশিদ (১০/- টাকা সার্ভিস চার্জসহ) সংস্থার যেকোন শাখা, অঞ্চল, জোন, ডোমেইন অফিস, ফাউন্ডেশন অফিস বা প্রধান কার্যালয় হতে সংগ্রহ করে অথবা তফসীলভূক্ত যে কোন ব্যাংক হতে টিএমএসএস শিরোনামে সমমূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট(অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। টিএমএসএস ব্যতিত অন্যকোন শিরোনামে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। সংস্থার বিধি অনুসারে উৎসব ভাতা, জীবন বীমাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে সিটি ভাতা, ক্রেডিট এ্যালাউন্স, লোড এ্যালাউন্স, ব্যাংকার এ্যালাউন্স, হাই পারফরমেন্স বোনাসসহ স্টাফ প্রিভিলেজ প্রতিপালন করা হবে।

৫। নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে **SMS**/মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে এবং নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

৬। নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় সংস্থা কর্তৃক নির্ধারিত পরিমাণ জামানত (লভ্যাংশসহ ফেরতযোগ্য) প্রদান করতে হবে।

৭। ইতিপূর্বে যারা টিএমএসএস-এর চাকরি হতে অব্যাহতি দিয়েছেন আবেদন করার ক্ষেত্রে তাদেরকে টিএমএসএস এর কর্ম অভিজ্ঞতা অবশ্যই উল্লেখ করতে হবে। তবে টিএমএসএস কর্তৃক চাকরিচ্যুত কর্মীর আবেদন করার আবশ্যকতা নাই।

৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কর্তৃপক্ষ কোন কারণ বা ব্যাখ্যা ব্যতিরেকে আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

পরিচালক
(এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন)

ফোন: ০৫১-৬৫৭১৯, ৭৮৫৬৯ **Web: www.tmss-bd.org**